



উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প  
Upazila Governance and Development Project (UGDP)  
Local Government Division  
Ministry of Local Government, Rural Development & Cooperatives



স্মারক নং-৪৬.৬০০.০০৭.০০.০০.০০৪(২).২০১৯-১৩৮৩

তারিখঃ ২০/০৩/২০১৯

বিষয় : স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "ইউজিডিপি" প্রকল্পের আওতায় পরামর্শক ফার্ম কর্তৃক উপজেলা পরিষদের অডিট কার্যক্রম প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "ইউজিডিপি" প্রকল্পের ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থবছরে যে সকল উপজেলায় প্রকল্পের অর্থ বরাদ্দ এবং ব্যয় হয়েছে বা উপ-প্রকল্প সমূহ অনুমোদন পেয়েছে সে সকল উপজেলায় অডিট কার্যক্রম পরিচালনার নিমিত্তে **Habib Sarwar Bhuiyan & Co. in association with Shafiq Mizan Rahman & Augustine, Chartered Accountants** পরামর্শক ফার্ম নিয়োগ করা হয়েছে। আগামী ২৭ মার্চ ২০১৯ থেকে উক্ত ফার্ম অডিট কার্যক্রম শুরু করবে। প্রতিটি উপজেলায় ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি টীম সরেজমিনে উপজেলা পরিষদের "ইউজিডিপি" প্রকল্পের বিভিন্ন খরচের ডকুমেন্ট যাচাই করবে।

উপজেলা পরিষদে এই কার্যক্রমের সময় সংশ্লিষ্ট কর্মকর্তা ও অফিস সহকারীদের উপস্থিতি নিশ্চিত করা সহ অডিট কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ফর্দ।

(মোঃ মহসিন)

প্রকল্প পরিচালন (যুগ্ম-সচিব)

ফোন- ৯৩৫৯৮৩২

উপজেলা নির্বাহী অফিসার

.....উপজেলা

জেলাঃ.....

অনুলিপিঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ....., জেলাঃ.....।

২। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটিটর....., উপজেলাঃ.....।

৩। জাইকা প্রতিনিধি, ঢাকা, বাংলাদেশ।